দামুড়হুদার ডুগডুগিতে জুয়ার আসরের সংবাদপ্রকাশের জেরে সাংবাদিক কে হুমকি

দামুড়হুদার ডুগডুগি গ্রামে জুয়ার আসরের বস্তুনিষ্ঠু সংবাদ প্রকাশের পর দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধিকে মোবাইলে হত্যার হুমকি প্রদান করেছেন জুয়া চক্রের অন্যতম হোতা মাদকাসক্ত আসাদুজ্জামান আসাদ।

অভিযুক্ত আসাদুজ্জামান আসাদ চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর গ্রামের মৃত ফকির মাহমুদের ছেলে ও জুয়া চক্রের অন্যতম হোতা।

জানা গেছে, গতকাল রোববার কয়েকটি দৈনিক পত্রিকায় দামুড়হুদার ডুগডুগি গ্রামে জমজমাট জুয়ার আসর বসানো হচ্ছে এমন বস্তুনিষ্ঠু সংবাদ প্রকাশ হয়। এরপরই তেলেবেগুনে জ্বলে উঠে জুয়া চক্রের অন্যতম হোতা মাদকাসক্ত আসাদুজ্জামান আসাদ। এরই জের ধরে গতকাল রোববার দুপুরে ০১৯৪৬২৭৯৭৯০ নাম্বার থেকে কল করে আসাদুজ্জামান আসাদ সাংবাদিক কে হত্যার হুমকি প্রদান করে বলেন তোকে কোপানোর জন্য লোকজন ঠিক করা হ’য়েছে। দামুড়হুদা চৌরাস্তায় ফেলে তোকে কোপাবো।

এছাড়াও আজেবাজে ভাবে বিভিন্ন ভাষায় গালিগালাজ করেন। এমতাবস্থায় নিরাপত্তা হীনতায় ভুগছে সাংবাদিকসহ তার পরিবার। বিষয়টি নিয়ে আইনগত পদক্ষেপ নিবেন বলেও জানিয়েছেন ভুক্তভোগী সাংবাদিক।

চুয়াডাঙ্গার জীবননগরে বৈশাখী মেলার নামে চলছে জুয়ার আসর

চুয়াডাঙ্গা জেলার জীবননগর মনোহরপুর আমতলা ফসলী মাঠে বৈশাখী মেলার নামে চলছে জুয়ার আসর। প্রশাসনের নাকের ডগায় প্রকাশ্যে এ

বোর্ড চালানো হচ্ছে। প্রতিদিন উপজেলা প্রশাসন কে মোটা অংকের টাকার বিনিময়ে রফাদফা করে এ জুয়ার আসর চালাচ্ছে স্থানীয় একটি প্রভাবশালী গ্রুপ। অবশ্য এসব অভিযোগ অস্বীকার করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা তিনি বলেন বৈশাখীর মেলার অনুমোদন আছে তবে জুয়া বা র্যাফেল ড্র অনুমোদন দেওয়া হয়নি আপনি বলেছেন এখনি ব্যবস্হা নেব।

জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন মেলার নামে কোন প্রকার জুয়া বা অশ্লীলতা মেনে নেওয়া হবে না আমি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দিচ্ছি ব্যবস্থা গ্রহণের জন্য। ১৫টি জায়গায় কাপড় টানিয়ে বসানো হয়েছে এ জুয়ার আসর। আর এসব জুয়ার বোর্ড থেকে নির্দিষ্ট অংকের টাকা তুলছেন নিজেই। কথা হয় মেলা আয়োজক কমিটির অন্যতম সিরু ওরফে জুয়া সিরুর সাথে তিনি দম্ভের সাথে বলেন জুয়া জুয়া না, এটাও বৈশাখী মেলার একটা অংশ আমরা প্রশাসন কে ম্যানেজ করে এসব করছি লেখা লেখি করে কোন কিছুই হবে না।এ বিষয়ে জেলা প্রশাসক বিভাগীয় কমিশনারের হস্তক্ষেপ কামনা করছে এলাকাবাসী।

দর্শনায় জুয়ার আসরে পুলিশের অভিযান; গ্রেফতার-৪

দর্শনা রেল বাজারে জুয়ার আসরে পুলিশ অভিযান চালিয়েছে। এ অভিযানে জুয়ার আসর হতে নগদ টাকা ও জুয়া খেলার সরঞ্জাম সহ ৪ জুয়াড়ীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার রাকিব হাসান টিটু, মোবারকপাড়ার আশিক, শাহারুল ইসলাম ও পরানপুরের ফারুক মিয়া।

পুলিশ জানায়, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই ফাহিম হোসেন সঙ্গীয় অফিসার-ফোর্সসহ দর্শনা থানা এলাকায় মাদক উদ্ধার গ্রেফতারী পরোয়ানা তামিল ও বিশেষ অভিযান ডিউটি করাকালে গোপন সংবাদের ভিত্তিতে গত বুধবার (৪ অক্টোবর) সন্ধা সাড়ে ৬ টার দিকে দর্শনা রেল বাজারস্থ জনৈক সিরাজুল ইসলামের মাছের আড়তের সামনে জুয়ার আসরে অভিযান চালায়। এ

অভিযানে জুয়ার আসর হতে নগদ ১১ শত (এক হাজার এক শত) টাকা, ১ সেট তাস এবং ১টি প্লাষ্টিকের বস্তা উদ্ধার সহ জুয়াড়ী দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার মুন্না সুলতানের ছেলে রাকিব হাসান টিটু (৩৫), মোবারকপাড়ার হাসেম খানের ছেলে আশিক (২৮), পিয়ার আলীর ছেলে শাহারুল ইসলাম (৩৪) ও পরানপুরের নেকবার আলীর ছেলে ৪। মোঃ ফারুক মিয়াকে (২৪) গ্রেফতার করেন।

এ বিষয়ে দর্শনা থানায় গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।